গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
আইসিটি শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd;ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৫.৩২.০০২.২১.৩৪

তারিখ: ১ চৈত্র ১৪২৮
১৫ মার্চ ২০২২

অফিস আদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.১ অনুযায়ী এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত গবেষকদের উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি প্রদান কার্যক্রম অনলাইনে সম্পাদনের লক্ষ্যে একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন হিসেবে ট্রাস্টের প্রোগ্রামার কর্তৃক 'এম.ফিল./পিএইচ.ডি. ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার (URL: www.eservice.pmeat.gov.bd/mnp) তৈরি করা হয়েছে। দেশের অভ্যন্তরে পাবলিক বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষায় এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে অধ্যয়নরত গবেষকদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ফেলোশিপ ও বৃত্তি প্রদানের আবেদন প্রতি বছর নির্ধারিত সময়ে অনলাইনে উক্ত সফটওয়্যারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে গ্রহণ করা হবে। গবেষকগণ ফেলোশিপ ও বৃত্তি'র জন্য ঘরে বসে খুব সহজে অনলাইনে 'এম.ফিল./পিএইচ.ডি. ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারের মাধ্যমে আবেদন করতে পারবেন। 'এম.ফিল./পিএইচ.ডি. ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারটি কার্যকর করার ফলে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে অধ্যয়নরত গবেষকদের উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি প্রদান সেবাটি অধিকতর জনবান্ধব ও সহজে ব্যবহারযোগ্য হয়েছে।

১৫-৩-২০২২
নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮১৯২২০০
ইমেইল: md@pmeat.gov.bd

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৫.৩২.০০২.২১.৩৪/১(২১)

তারিখ: ১ চৈত্র ১৪২৮
১৫ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) রেজিস্ট্রার, বিশ্ববিদ্যালয় (সকল) (আওতাধীন সকল বিভাগকে অবহিতকরণের অনুরোধসহ)
২) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারী (সকল)

১৫-৩-২০২২
রাজিবুল হাসান
প্রোগ্রামার